

**স্কুল-কলেজে রমজানের ছুটি
সম্পর্কে নয়া নির্দেশ
দেওয়া হইয়াছে**
—শিক্ষামন্ত্রী

বাসস জানায়, শিক্ষামন্ত্রী ডঃ
আবদুল মজিদ খান গতকাল
(মঙ্গলবার) ঢাকায় বলেন যে,
শিক্ষা প্রতিষ্ঠানসমূহে রমজানের
ছুটি পালনের বর্তমান বিজ্ঞপ্তি
(৮ম পৃঃ ৬-এর কঃ পৃঃ)

স্কুল-কলেজে রমজানের ছুটি
(১ম পৃঃ পর)

সম্পর্কে একট নয়া নির্দেশ দেওয়া
হইয়াছে। বেসরকারী কলেজ
শিক্ষক ও হাইস্কুল শিক্ষক সমিতির
প্রতিনিধিদের সহিত আয়োচনা-
কালে শিক্ষামন্ত্রী আরও বলেন, ছুটি
পালন সম্পর্কে স্কুল, কলেজ ও
মাদ্রাসাসমূহকে প্রয়োজনীয় নির্দেশ
দেওয়া হইয়াছে।

মন্ত্রী শিক্ষক সম্প্রদায়ের সমস্যা-
বলী সমাধানের লক্ষ্যে শিক্ষক
প্রতিনিধিদের সহিত যৌথ বৈঠক
করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের
পদস্থ কর্মকর্তাদের নির্দেশ দিয়া-
ছেন।

ডঃ খান বিভিন্ন বিষয়ে শিক্ষক
প্রতিনিধিদের সহিত খোলাখুলি
মত বিনিময় করেন এবং তাঁহাদের
আশ্বাস দেন যে, গত বৎসর
যাহারা বেনিফিটের অর্থ উঠাইতে
পারেন নাই, তাঁহারা এখন সেই
অর্থ উঠাইতে পা রবেন।

অস্টাগের মধ্যে বেসরকারী
কলেজ শিক্ষক সমিতির সহ-
সভাপতি অধ্যাপক আবদুল
লতিফ এবং হাইস্কুল শিক্ষক
সমিতির সভাপতি জনাব আবদুল
মারান বৈঠকে যোগদান করেন।
শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব
জনাব এ কে এম হেদায়েতুল
হকও বৈঠকে উপস্থিত ছিলেন।

008